গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।
(www.dls.gov.bd)

স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.১১.৮৬৮.১৮-১০০১ | তারিখ ঃ- ২৪/০৪/২০১৯খ্রিঃ / ১১/০১/১৪২৬বঃ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, জাতীয় বেতন স্কেল ও গ্রেড ২০১৫ অনুযায়ী | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১. | ভি.এফ.এ<br>বেতন স্কেল- ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড- ১৪ | ২৬৯<br>(দুইশত উনসত্তর) | ১। অনুমোদিত যে কোন শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক/ সমমান উত্তীর্ণ হতে হবে।<br><br>২। নির্বাচিত প্রার্থীগণকে ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট/ লাইভস্টক ট্রেনিং ইন্সটিটিউট হতে সংশ্লিস্ট বিষয়ে ১ (এক) বৎসরের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণে উত্তীর্ণ প্রার্থীগণকে চুড়ান্তভাবে নিয়োগ প্রদান করা হবে। প্রশিক্ষণকালীন সময়ে সরকার কর্তৃক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে। | ঢাকা/ গাজীপুর/ মুন্সীগঞ্জ/ নারায়নগঞ্জ/ শরিয়তপুর/ কিশোরগঞ্জ/ নেত্রকোনা/ চট্টগ্রাম/ কক্সবাজার/ ফেনী/ লক্ষীপুর/ নোয়াখালী/ সিলেট/ মৌলভীবাজার/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ রাজশাহী/ পাবনা/ নওগাঁ/ নাটোর/ কুড়িগ্রাম/ লালমনিরহাট/ নীলফামারী/ পঞ্চগড়/ খুলনা/ ভোলা/ বরগুনা। |
| ২. | কম্পাউন্ডার<br>বেতন স্কেল- ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ৭০<br>(সত্তর) | | |
| ৩. | পোল্ট্রি টেকনিশিয়ান<br>বেতন স্কেল- ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ৯<br>(নয়) | | |
| ৪. | এফ.এ (এ/আই)<br>বেতন স্কেল- ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ২৬২<br>(দুইশত বাষট্টি) | | |
| | সর্বমোট = | ৬১০ (ছয়শত দশ) | | |

**নিয়োগের শর্তাবলী ঃ-**

১। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান প্রতিপালিত হবে।

২। অনলাইনে আবেদন করতে হবে। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী এবং শর্তাবলী **প্রাণিসম্পদ অধিদপ্তরের www.job.dls.gov.bd ওয়েব সাইটে** পাওয়া যাবে। ওয়েব সাইটের অনলাইন নিয়োগ অপশনে গিয়ে আবেদন করতে হবে। অনলাইনের আবেদন ছাড়া কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

৩। ক) অনলাইনে আবেদনপত্র পূরণ করার শুরুর তারিখ ও সময় ঃ ২৮/০৪/২০১৯ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে।
খ) অনলাইনে আবেদনপত্র পূরণ করার শেষ তারিখ ও সময় ঃ ২৭/০৫/২০১৯ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

৪। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৫। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের হার্ডকপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ এর সত্যায়িত অনুলিপি ও অন্যান্য কাগজপত্র ২ (দুই) সেট দাখিল করতে হবে এবং সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৬। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার অনুকুলে প্রদত্ত অনুমোদিত সনদ পত্র এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক উত্তরাধিকারী সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং অন্যান্য কোটার ক্ষেত্রেও সনদপত্রের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় মূল কপি প্রদর্শন করতে হবে।

৭। আবেদন পত্রের সাথে নিয়োগ পরীক্ষার ফি বাবদ বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংক লিঃ হতে ১০০/- (একশত) টাকা অফেরৎ যোগ্য মূল্যমানের ট্রেজারী চালান **মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবরে ১-৪৪৪১-০০০০-২০৩১ কোডে** জমা দিয়ে ট্রেজারী চালানের নম্বর, তারিখ, ব্যাংকের নাম ও ঠিকানা অনলাইনে পূরণ করে ট্রেজারী চালানের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইনের আবেদনপত্রের সকল অংশ পূরণ করে দাখিল করা হলেও পরীক্ষা ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

*E:\VFA.FA(AI),Com.PT-610 Circular-2019\Circular.doc*

৮। প্রার্থীর বয়স ২৭/০৫/২০১৯খ্রিঃ তারিখে ১৮-৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার নাতী/ নাতনীদের ক্ষেত্রে বয়স সীমা সর্বোচ্চ ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৯। প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সেভাবে লিখতে হবে এবং আবেদনপত্রটির কালার প্রিন্ট সংরক্ষণ করতে হবে।

১০। প্রার্থী নির্বাচনে জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

১২। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের সময়, পদ সংখ্যা কম/ বেশী নির্ধারণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। প্রতিটি পদে নিয়োগের জন্য একই দিনে ও একই সময়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। সুতরাং একই ব্যক্তি একাধিক পদে আবেদন না করার জন্য পরামর্শ দেয়া হল।

১৪। সরকারী, আধা সরকারী ও স্বায়ত্বশাসীত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় কর্তৃপক্ষের অনুমতি পত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৫। সকল পদের নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান এবং পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইট (www.job.dls.gov.bd) এবং যোগ্য প্রার্থীর আবেদনপত্রে প্রদত্ত মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

১৬। অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৭। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের ১৯/১২/২০১৮ তারিখে নং- ৩৩.০০.০০০০.১১৭.১১.০১৫.০৫(অংশ-১)-৭০১ সংখ্যক স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে এই নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হল।

১৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

২৪/৪/১৯

(ডাঃ মোঃ হাসান ইমাম)
উপপরিচালক (চঃ দাঃ) প্রশাসন
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর বিভাগীয় নির্বাচন কমিটি।

২৪/৪/১৯